জুহি চাওলা

Car

B day আজ

আমির খান
১৯৬৫
মহারাষ্ট্র

রোহিত শেটি
১৯৭৩
মহারাষ্ট্র

‘ডর’–এ যশ চোপড়ার প্রথম পছন্দ ছিলেন আমির খান। প্রস্তাবও দেওয়া হয় তাঁকে। তবে রাজি হননি মি. পারফেকশনিস্ট। সুযোগ কাজে লাগান শাহরুখ খান। সুরজ বরজাতিয়ার ‘হাম আপকে হ্যায় কৌন’ ছবিতেও একই গল্প। রাজশ্রীর প্রস্তাব ফিরিয়ে দেন আমির। কপাল খোলে সলমনের




## ভদ্রলোক আদি

অন্তত সোমবার উদিত–পুত্র আদিত্য নারায়ণ যা করেছেন তাতে তাঁকে এটাই বলা যায়। আন্ধেরিতে ভুল ইউ টার্ন নিতে গিয়ে তাঁর মার্সিডিজ পিছন থেকে ধাক্কা মারে একটি অটো রিকশাকে। ড্রাইভার ও যাত্রী দুজনেই আহত হন।

কিন্তু এরপর তিনি যা করেছেন! চারপাশে ভিড় জমছে দেখেও পালিয়ে না গিয়ে আহতদের নিয়ে নিজে গাড়ি চালিয়ে কোকিলাবেন হাসপাতালে ভরতি করিয়েছেন। তাঁদের চিকিৎসা করিয়ে সব টাকা মিটিয়ে দিয়েছেন হাসপাতালকে। অ্যাক্সিডেন্ট কেস, তাই এবার পুলিশে খবর দেওয়া হয়। আদিত্য পুলিশ আসা পর্যন্ত অপেক্ষা করেন। ভারসোভা পুলিশ তাঁকে গ্রেপ্তার করে। মঙ্গলবার তিনি জামিনের জন্য আবেদন করবেন।

# উদ্‌যাপিত ৬৫!

**তাক লাগিয়েছেন ইসাবেলা রোসেলিনি। ইতালির এই অভিনেত্রী ৬৫ বছর বয়সে ফ্রান্সের একটি নামি সংস্থার সুগন্ধী এবং সাজের উপকরণের ব্র্যান্ড অ্যামবাসাডার! ইসাবেলার মতোই অঘটন ঘটিয়েছেন ৬৫ এবং তার থেকেও বেশি বয়সের কিছু হলি তারকা। তাঁদের চেকলিস্ট তারাদের কথা–য়**

অঘটন আজও ঘটে, অস্বীকার করার উপায় কই? ইসাবেলা রোসেলিনি যেখানে জলজ্যান্ত উদাহরণ। মাথার চুলে পাক ধরেনি। কিন্তু গালে–গলার ত্বকে বয়সের ভাঁজ স্পষ্ট। তারপরেও শরীরজুড়ে অনায়াসে খেলা করছে গ্ল্যামার। দীর্ঘ ২১ বছর পর গত মাসে এক ফরাসি সুগন্ধী এবং কসমেটিক প্রস্তুতকারী সংস্থা সাদরে ইসাবেলাকে আবার তাঁদের ব্র্যান্ড অ্যামবাসাডার বানিয়েছেন। ইসা একা নন, দল ভারী করেছেন বেশ কিছু হলি তারকা। যাঁরা ৬০ প্লাসকে বুড়ো আঙুল দেখিয়ে র‍্যাম্প মাতাচ্ছেন। মডেলিং করছেন। ব্র্যান্ড অ্যামবাসাডার হচ্ছেন। সৌন্দর্যের সংজ্ঞা বদলে শাসন করছেন তথাকথিত কমবয়সীদের। ৬৫–র এ এক বিচিত্র উদ্‌যাপন–

**ইসাবেলা রোসেলিনি**

বাবা রবার্তো রোসেলিনি ইতালির ছবি করিয়ে। মা সুইডিশ নায়িকা। এঁদের ভালোবাসার চিহ্ন ইসাবেলা রোসেলিনি। দীর্ঘ অভিনয় জীবনে ১০টি পুরস্কার এবং ১৫টি নমিনেশন পাওয়া এই অভিনেত্রী ১৪ বছর ধরে ফরাসি সংস্থার সঙ্গে যুক্ত। ৪৩–এ পা দিতে সংস্থা তাঁকে সরিয়ে দেয় ‘বয়স্ক’ তকমা দিয়ে। ২০১৫–তে সেই ছবি আমুল বদলে যায় যখন সংস্থা ফের ডেকে নেয় ইসাবেলাকে। কারণ? ইসাবেলার তুলনা অভিনেত্রী নিজে! প্রথমে হাতেগোনা কয়েকটি প্রোডাক্টে মডেলিং করালেও গত মাস থেকে এখন আবার তিনি সংস্থার বিজ্ঞাপনী মুখ। ইনস্টাগ্রামে সেই প্রচারের কিছু ছবি পোস্ট করেছেন ইসা। ছবিগুলিতে ২৫ হার মেনেছে ৬৫–র কাছে!

**মায়ে মাস্ক**

২০১৭–র সেপ্টেম্বরে মায়ে যখন আমেরিকার কসমেটিক ব্র্যান্ডের কভার গার্ল হন তখন বয়স মাত্র ৬৯! ক্যানাডিয়ান–সাউথ আফ্রিকান মায়ের তিন ছেলেমেয়ে তিন রত্ন ––এলোন মাস্ক ধনকুবের ব্যবসায়ী, সফল উদ্যোগপতি কিম্বল মাস্ক এবং চিত্র পরিচালক তোসকা মাস্ক। গত পাঁচ দশক ধরে মডেলিং দুনিয়া মায়ের ক্ষমতার কাছে পদানত। অগুন্তি ফ্যাশন ম্যাগাজিনের তিনিই কভার গার্ল। এবং টাইমসের ‘স্পেশাল হেলথ এডিশন’–এ মায়ে ন্যুড ফোটোশুট করেছেন! তাঁর বেতের মতো হিলহিলে শরীর চমকে দিয়েছে ৩৪–কেও।

## নজরে পাঁচ

**1 অসুস্থ**

যোধপুরে ‘থাগস অফ হিন্দোস্তান’–এর সেটে অসুস্থ হয়ে পড়েছেন অমিতাভ বচ্চন।

**2 পার্টি**

১৫ মার্চ আলিয়া ভাটের জন্মদিন। ‘ব্রহ্মাস্ত্র’ সেটে পার্টি দিচ্ছেন রণবীর কাপুর।

**3 দুর্ঘটনা**

‘চিনে আমার বিপুল জনপ্রিয়তা দুর্ঘটনা ছাড়া কিছু নয়।’ বলেছেন আমির খান।

**4 ফেরা**

বলিউডে কামব্যাক করছেন এষা দেওল। একটি শর্ট ফিল্‌মে দেখা যাবে তাঁকে।

**5 জুটি**

প্রভাসের বিপরীতে পূজা হেগড়ে। রাধাকৃষ্ণ কুমারের ছবিতে জুটি বাঁধছেন তাঁরা।

**লরেন হাটন**

খুঁত একটাই। দুটি দাঁতের মাঝে এক বিঘত ফাঁক। সেই খুঁতে মডেলিংয়ের শুরুতে একাধিক সংস্থা ছেঁটে দিয়েছে লরেন হাটনকে। ৭৩–এ এসে তিনিই এখন আমেরিকার প্রথম সারির ফ্যাশন ম্যাগাজিনের কভার গার্ল। গত বছরের নভেম্বরে তিনি মিলান ফ্যাশন উইকে হেঁটেছেন। কেলভিন ক্লেই–র অর্ন্তবাসের মডেল তিনি!

**ইভলাইন হল**

‘৭২’ টা বসন্ত পেরিয়েও ইভলাইন ‘২৭’–এর মতোই টগবগে। কেন হবে না? তিনি যে মডেলিং শুরু করেছেন মাত্র ৬৫–তে! ২০১১–য় জার্মান ফ্যাশন ডিজাইনার মাইকেল মিচ্যালস্কির হয়ে প্রথম র‍্যাম্পে হাঁটেন এই উদ্ভিন্নযৌবনা জার্মান মডেল, গায়িকা, অভিনেত্রী এবং ব্যালে নৃত্যশিল্পী ইভ। গতবছরের নভেম্বরে তিনি পেয়েছেন ‘সুপার’ মডেলের শিরোপা।

**কারমেন দে’লোরেফায়েজ**

১৫ বছরে মডেলিংয়ে হাতেখড়ি। ৮৩–তেও সুপার মডেল কারমেন দে’লোরেফায়েজ। এখনও প্রথম সারির ফ্যাশন ম্যাগাজিনের প্রচ্ছদ তৈরি হয় তাঁর ছবি দিয়ে। মাত্র তিন বার বিয়ে করেছেন লম্বা জীবনে। দ্বিতীয় বিয়ের পর সাময়িক বিরতি নিয়েছিলেন কাজ থেকে। তৃতীয় বিয়ে ভেঙে যাওয়ার পর অর্থকষ্টে ভুগতে হয়েছিল তাঁকে। তখনই কারমেন আবার মডেলিং শুরু করেন। এখনও তাঁকে নিয়মিত দেখা যায় ইতালি, ফরাসি, সুইডেনের একাধিক সংস্থায়।

## সাড়ে তিন কোটির ঘড়ি, নয় লাখি পেন

১০০০ কোটির বেশি সম্পত্তি নিয়ে এই মুহূর্তে ভারতে সবথেকে ধনী পার্লামেন্ট সদস্য ঘোষিত হলেন জয়া বচ্চন! তাঁর ও তাঁর স্বামী অমিতাভের স্থাবর সম্পত্তির পরিমাণ আজ প্রায় ৫৪০ কোটি। জয়ার ৬২ কোটি টাকার গয়না আছে, অমিতাভের আছে ৩৬ কোটি টাকার। তাঁদের ১২টি গাড়ি আছে যাদের দাম প্রায় ১৩ কোটি। অমিতাভ ৩.৪ কোটি আর জয়া ৫১ লক্ষ টাকার ঘড়ি পরেন। অমিতাভ ৯ লক্ষ টাকার পেন ব্যবহার করেন। প্যারিসে তাঁদের ৩,১৭৫ স্কোয়ার মিটারের বাড়ি আছে। নয়ডা, ভূপাল, আহমেদাবাদ, গান্ধীনগরেও বাড়ি আছে। লখনৌতে জয়ার ২,২ কোটির এবং বারাবাঙ্কির কাছে অমিতাভর ৫,৭ কোটি টাকার চাষের জমি আছে। সংখ্যগুলো কী ভালো, না?

## কাস্টিং কাউচ আছে, আবার নেইও!

প্রমাণ আছে আবার নেইও কিন্তু কাস্টিং কাউচ নিয়ে বি–টাউনে ফিসফিস হয়। ইলিয়ানা ডিক্রুজ জোর দিয়েই বলেছেন। একটি ম্যাগাজিনে ইনটারভিউ দেবার সময় তিনি বলেন, ‘কেউ যদি বলে বলিউডে কাস্টিং কাউচ আছে, তাহলে তার কেরিয়ার শেষ হয়ে যাবে।’ এ বিষয়ে নিজের অভিজ্ঞতার কথাও তিনি শেয়ার করেছেন। ‘আমি এক জুনিয়র আর্টিস্টকে একবার বলেছিলাম এরকম প্রস্তাবে তুমি কী করবে তা তোমার সিদ্ধান্ত! কেউ কিছু শেখাতে পারবে না। তবে আমার কাছে এসবের জন্য কোনো জায়গা নেই।’ তাঁর মতে, আমাদের দেশে প্রথম সারির অভিনেতাদের পুজো করা হয়। তাঁরা কাস্টিং কাউচের জন্য অভিযুক্ত হলে কেউ বিশ্বাসই করবে না।

## প্রিয় 10

**ডাকনাম**
এ কে, মি. পারফেকশনিস্ট

**অভিনয় ছাড়া**
গান শোনা, বই পড়া

**পছন্দের বই**
আলাদা কিছু নেই। পড়া শুরু করলে যেটা মন টানে, সেটাই...

**জিভে জল**
যে কোনো মোগলাই খানা, বিরিয়ানি হলে কথাই নেই

**পছন্দের রং**
অন্ধকারের রং, কালো

**প্রিয় পারফিউম**
জোভান

**যে সিনেমা বারবার দেখেন**
গুরু দত্ত, ওয়াহিদা রহমানের ‘পিয়াসা’

**পছন্দের অভিনেতা**
দিলীপ কুমার, ওম পুরী, রঘুবীর যাদব

**স্বপ্ন সুন্দরী**
ওয়াহিদা রহমান, মধুবালা

**সবুজ মাঠে সুযোগ পেলে**
ক্রিকেট, টেনিস

টপ টেন–এ আজ বার্থ ডে বয় আমির খান

## Instagram

1

2



3

4

1 উর্বশী রওটেলা
বসন্তে বাসন্তী

2 শাহরুখ খান গৌরী খান
এখনও হাতে হাত

3 বরুণ ধাওয়ান অনুষ্কা শর্মা
সুই ধাগার একপ্রস্থ শুটিং শেষ। এবার ফেরা।

4 করিনা কাপুর
খোলা চুলে ঝলমলে


টিম তারাদের কথা উপালি মুখোপাধ্যায়, শবরী চক্রবর্তী, অংশুমান চক্রবর্তী, সায়ন্তী মণ্ডল, রমাপদ পাহাড়ি ফেসবুক পেজ www.facebook.com/taraderkatha